



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd

সরকারি/বেসরকারি পলিটেকনিকে সরাসরি ৩য় পর্বে শূন্য আসনে ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে সরাসরি ৩য় পর্বের শূন্য আসনে শিক্ষার্থী ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে। ভর্তির জন্য প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান বরাবর বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নির্ধারিত ফরমে শিক্ষার্থীদের আবেদন করতে হবে। প্রতিষ্ঠান কর্তৃক সকল আবেদনকারীর তথ্য নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানে Login করে বোর্ডের ওয়েবসাইটে অনলাইন তথ্য প্রেরণ/গ্রহণ ব্লকের ডিপ্লোমা পর্যায়ে “Diploma 3rd Semester Admission” লিংক-এ প্রবেশ করে ১ম ধাপে Technology & Shift wise শূন্য আসনের তথ্য দিতে হবে এবং ২য় ধাপে Admission Data Entry Form এ Click করে শিক্ষার্থীর তথ্য Entry সম্পন্ন করতে হবে। (শূন্য আসন না থাকলে ভর্তির জন্য Entry দেওয়া যাবে না এবং একজন শিক্ষার্থী কমপক্ষে ০২ (দুইটি) প্রতিষ্ঠান পছন্দক্রমে হিসাবে নির্বাচন করতে পারবে।)

ভর্তির যোগ্যতা :

ক) বাংলাদেশের সাধারণ শিক্ষা বোর্ড হতে উচ্চতর গণিতে পাশসহ এইচএসসি (বিজ্ঞান/ভোকেশনাল) উত্তীর্ণ হতে হবে। খ) সরকারি প্রতিষ্ঠানের জন্য এইচএসসি (বিজ্ঞান/ভোকেশনাল)-এ ন্যূনতম জিপিএ ২.৫০ থাকতে হবে। গ) বেসরকারি প্রতিষ্ঠানের জন্য এইচএসসি (বিজ্ঞান/ভোকেশনাল)-এ ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে। ঘ) সরকারি প্রতিষ্ঠানের জন্য ২০১৭ হতে ২০২১ সাল এবং বেসরকারি প্রতিষ্ঠানের জন্য ২০১২ হতে ২০২১ সাল পর্যন্ত এইচএসসি (বিজ্ঞান/ভোকেশনাল) উত্তীর্ণরা ভর্তির জন্য যোগ্য হবে।

ভর্তি সংক্রান্ত সময়সূচি :

ক্র.নং	ভর্তি সংক্রান্ত সময়সূচি	তারিখ
১	শিক্ষার্থী কর্তৃক প্রতিষ্ঠান বরাবর আবেদনের সময়	১১-১৪/০৫/২০২২ খ্রি.
২	প্রতিষ্ঠান থেকে আবেদনকারীর তথ্য অন-লাইনে বোর্ডে প্রেরণের সময়	১৪-১৬/০৫/২০২২ খ্রি.
৩	প্রতিষ্ঠান ভিত্তিক নির্বাচিত শিক্ষার্থীদের মেধা তালিকার ভিত্তিতে চূড়ান্ত তালিকা প্রকাশ	১৯/০৫/২০২২ খ্রি.
৪	স্ব-শরীরে উপস্থিত হয়ে প্রতিষ্ঠানে ভর্তির সময়	২১-২২/০৫/২০২২ খ্রি.
৫	প্রতিষ্ঠানে ৩য় পর্বের ক্লাস শুরু করার সময়	২৩/০৫/২০২২ খ্রি.
৬	আবেদনকৃত শিক্ষার্থী ও ভর্তিকৃত শিক্ষার্থীদের আবেদন ফি এবং ভর্তিকৃত শিক্ষার্থীর মূল সনদপত্র ও মূল নম্বরপত্র বোর্ডের কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা) নতুন ভবন, ৭ম তলা প্রদর্শন ও প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত ফরওয়াডিংসহ মোট শিক্ষার্থীর তালিকা বোর্ডে জমাদানের সময়	৩০/০৫/২০২২ খ্রি. হতে ০২/০৬/২০২২ খ্রি.

আবেদনের সময় যে সকল প্রয়োজনীয় কাগজপত্রাদির সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে:

১. এসএসসি পাসের সনদপত্র।
২. এসএসসি ও এইচএসসি পাসের নম্বরপত্র।
৩. এসএসসি ও এইচএসসি-এর রেজিস্ট্রেশন কার্ড।
৪. সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসাপত্র।
৫. পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি-৩ কপি।
৬. প্রতিষ্ঠান হতে নির্ধারিত ভর্তির আবেদন ফরম ৫০/- টাকা জমা দিয়ে উত্তোলন করতে হবে এবং আবেদনপত্র জমা দেওয়ার সময় রশিদের মাধ্যমে ১০০/- টাকা জমা দিতে হবে।
৭. ভর্তির সময় এসএসসি এবং এইচএসসি এর মূল নম্বরপত্র শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিতে হবে।

(প্রকৌশলী ফরিদ উদ্দিন আহমেদ)

পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।